


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৭.১১.৪২৭.২৫ - ২৯৮

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২  
২৬ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়: জাপানে ড্রাইভার প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২১/০৯/২০২৫ তারিখে জাপানে ড্রাইভার প্রেরণ সংক্রান্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় অবহিত করা হয় যে, জাপানে ৩ টন থেকে ৮ টন বিশিষ্ট গাড়ী চালনার জন্য দক্ষ গাড়ী চালকের ব্যাপক চাহিদা রয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্য থেকে ২১৩৪১ জন হালকা যানবাহন চালনায় লাইসেন্স প্রাপ্ত হয়েছে। লাইসেন্স প্রাপ্তদের মধ্যে যাদের শিক্ষাগত যোগ্যতা এস,এস,সি'র তদুর্ধ্ব, ইতোমধ্যে গাড়ী চালনায় দক্ষতা অর্জন করেছেন, গাড়ী চালনায় **medium** লাইসেন্স (৩ টন-৮টন বিশিষ্ট গাড়ী) অর্জনের সক্ষমতা রয়েছে এবং জাপানিজ ভাষায় লেভেল **N4** অর্জনে জাপানিজ ভাষা শিক্ষার জন্য আগ্রহী তাদের তালিকা প্রস্তুত করে আগামী ৩০/০৯/২০২৫খ্রি. তারিখের মধ্যে পরিচালক (প্রশিক্ষণ) এর [dirtraining@dyd.gov.bd](mailto:dirtraining@dyd.gov.bd) ই-মেইলে সফটকপি এবং হার্ড কপি উপপরিচালক (প্রশিক্ষণ-১) এর **whatsapp** এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, **medium** লাইসেন্স প্রাপ্তির যোগ্যতা অর্জনের জন্য BRTC এবং জাপানিজ ভাষা শিক্ষার জন্য BMET তে আগ্রহীদের প্রশিক্ষণ আয়োজন করবে।

  
(প্রজেষ কুমার সার্ক) ২৬.০৯.২০২৫

উপপরিচালক(প্রশিক্ষণ)

ফোন: ০২-২২৩৩৮৩৭৯০

E-mail: [ddtraining@dyd.gov.bd](mailto:ddtraining@dyd.gov.bd)

উপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

------(সংশ্লিষ্ট) জেলা।

**অনুলিপি বিতরণ:**

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। অফিস কপি।